

ভিক্ষাবৃত্তি ঘৃণা করি
ভিক্ষুকমুক্ত সমাজ গড়ি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমাজসেবা কার্যালয়
১২৬/১১ উত্তর চাষাড়া
নারায়ণগঞ্জ।

নম্বর - ৪১.০১.৬৭০০.০০০.০১.০০১.২২.২৮২

তারিখ: ১৭/০৪/২০২২খ্রি.

দৈনিক মজুরী ভিত্তিক অস্থায়ী শ্রমিক/কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত “ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান শীর্ষক কর্মসূচীর আওতায় নারায়ণগঞ্জ জেলাধীন সরকারি আশ্রয়কেন্দ্র, গোদনাইল, নারায়ণগঞ্জ এ অবস্থানরত নিবাসীদের দেখাশোনা ও অন্যান্য সেবা প্রদানের নিমিত্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র কর্মসূচী চলাকালীন/কর্তৃপক্ষের নির্দেশিত সময়ের জন্য নিম্নবর্ণিত পদসমূহে দৈনিক মজুরী ভিত্তিতে অস্থায়ী শ্রমিক/কর্মী অর্থাৎ ‘ কাজ নাই মজুরী নাই’ ভিত্তিতে কাজ করতে আগ্রহী ও যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন/মজুরী
১	কেয়ার গিভার	০৮	১৮-৪৫ বছর	ক) এসএসসি পাশ খ) সুস্বাস্থ্যের অধিকারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।	সরকার কর্তৃক সর্বশেষ অনুমোদিত অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-৩ অধিশাখা এর স্মারক নম্বর- ০৭.০০.০০০০. ১৭৩.৬৬.০৫৯. ১৫(অংশ-১) ৯৩, তারিখ: ১২/১০/২০২০ খ্রি. অনুযায়ী দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরি এর পুনঃনির্ধারিত হার এবং কর্মসূচী দলিল অনুযায়ী।
২	প্রশিক্ষক (ইলেকট্রিক্যাল হাউজ ওয়ারিং বাবুর্চি (ফুড এন্ড বেভারিজ প্রোডাকশন)/কেয়ার গিভিং/ব্লক বাটিক এন্ড প্রিন্টিং/টিভি, ফ্রিজ, এয়ার কন্ডিশন সার্ভিসিং এন্ড রিপেয়ারিং/ সার্টিফিকেট ইন বিউটিফিকেশন)	০২		ক) এইচএসসি পাশ, খ) যেকোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ০৬ মাসের ট্রেডকোর্স সম্পন্ন এবং সনদধারী।	
৩	গানের শিক্ষক	০১		ক) এসএসসি পাশ খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	
৪	ধর্মীয় শিক্ষক	০১		ক) কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম ২য় বিভাগে আলিম পাশ, খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	
৫	প্যারামেডিক্স (সপ্তাহে ২দিন)	০১		ক) ডিপ্লোমা ইন মেডিসিন/ ফার্মেসি পাশ, খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	

ক্রঃনং	পদের নাম	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন/মজুরী
৬	ডাটা এন্ট্রি অপারেটর	০১		ক) এইচএসসি পাশ, খ) যেকোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে ন্যূনতম ০৬ মাসের ট্রেডকোর্স সম্পন্ন এবং সনদধারী।	
৮	গার্ড/দারোয়ান	৬		ক) অষ্টম শ্রেণী পাশ, খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	
৯	সুইপার/ পরিচ্ছন্নতাকর্মী	৪		ক) অষ্টম শ্রেণী পাশ, খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে	
১০	অফিস সহায়ক	২		ক) অষ্টম শ্রেণী পাশ, খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	
১১	আয়া	২		ক) অষ্টম শ্রেণী পাশ, খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	
১২	বাবুর্চি	৩		ক) অষ্টম শ্রেণী পাশ, খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	

আবেদন ও নিয়োগ সংক্রান্ত নিয়মাবলীঃ

- আগ্রহী প্রার্থীকে আগামী ১০/০৫/২০২২খ্রি. তারিখ বিকেল ৫:০০ ঘটিকার মধ্যে (প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও অস্থায়ী ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর, জন্ম তারিখ, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতাসহ) আবেদনপত্র 'ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান' শীর্ষক জেলা নিয়োগ কমিটির সদস্য সচিব বরাবর দাখিল করতে হবে।
- আবেদনের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ কপি রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের পরিষ্কার ফটোকপি পাঠাতে হবে।
- ডাকযোগে অথবা সরাসরি সদস্য সচিব, জেলা সমাজসেবা কার্যালয়, ১২৬/১১ উত্তর চাষাড়া, নারায়ণগঞ্জ কার্যালয়ে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহন করা হবে না।
- প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই বাছাই করা হবে এবং শুধুমাত্র যোগ্য প্রার্থীদের পরীক্ষা গ্রহন করা হবে।
- এ নিয়োগ সম্পূর্ণরূপে অস্থায়ী, দৈনিক মজুরী ভিত্তিক এবং ভবিষ্যতে কোনক্রমে রাজস্ব খাতে নিয়মিতকরণের বা স্থায়ীকরণের কোন সুযোগ থাকবে না। নিয়োগ প্রাপ্তির পর প্রার্থী স্থায়ীকরণ কিংবা এ বিষয়ে বিজ্ঞ আদালতে কোন আবেদন দায়ের করতে পারবেন না।
- ১০/০৫/২০২২খ্রি. তারিখ, বিকাল ৫.০০ঘটিকার পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ প্রাপ্তগণকে নারায়ণগঞ্জ জেলায় সরকারি আশ্রয়কেন্দ্র, গোদনাইল এ নিয়োগ দেয়া হবে।
- অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ, বাছাই মূল্যায়ণ ও বাতিল/প্রত্যাহার সহ সকল সিদ্ধান্ত কর্তৃপক্ষের দ্বারা গৃহীত ও সম্পাদিত হবে।



মো: আসাদুজ্জামান সরদার

উপ- পরিচালক

ও

সদস্য সচিব

'ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান' শীর্ষক কর্মসূচী, নারায়ণগঞ্জ।

